

নং-১৫.৫৭.০০০০.০০১.১৬.০০১.২১. ৬২১৮

তারিখ: ২২ পৌষ, ১৪২৮
২৭ ডিসেম্বর, ২০২১

বিষয়: সেবা ডিজিটাইজেশন।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর কার্যক্রম [১.৩] এর আওতায় কর্মসম্পাদন সূচক [১.৩.১]-এ ন্যূনতম একটি সেবা ডিজিটাইজেশনের বিষয়ে উল্লেখ রয়েছে যা ৩০/১২/২০২১ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করলে অসাধারণ হিসেবে বিবেচিত হবে। তৎপ্রেক্ষিতে এ অধিদপ্তরের নিম্নোক্ত সেবাটি ডিজিটাইজেন করা হলো।

ক্র. নং	ডিজিটাইজকৃত সেবার নাম	বিবরণ	ফলাফল
০১	ডিভিডি কপিকরণ মেশিন স্থাপন।	<p>চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর প্রতি বছর দেশের ইতিহাস, ঐতিহ্য, শিল্প, সাহিত্য, সংস্কৃতিভিত্তিক এবং সরকারের উন্নয়ন কর্মসূচি তুলে ধরে প্রামাণ্য চলচ্চিত্র, ডকুডামা, কাহিনী চিত্র ও টিভি ফিলার নির্মাণ করে। এ সকল চলচ্চিত্র গণযোগাযোগ অধিদপ্তরের জেলা তথ্য অফিস ও বিভিন্ন ইলেকট্রনিক মিডিয়ায় প্রচার করা হয়। এছাড়াও বিভিন্ন দিবসে সরকারি-বেসরকারি সংস্থায় প্রদর্শনের জন্য চাহিদা মোতাবেক ডিভিডি সরবরাহ করা হয়। ফলে প্রতিটি চলচ্চিত্রের জন্য শতাধিক কপি ডিভিডি প্রস্তুত করতে হয়। দেশে ডিভিডি কপি করার আধুনিক প্রযুক্তি না থাকায় প্রতি কপি ডিভিডি কপি করতে ১০০ (একশত) টাকা ব্যয় হয় এবং ১০০ কপি ডিভিডি প্রস্তুত করতে প্রায় এক সপ্তাহ সময় লাগে।</p> <p>এ অধিদপ্তরের একটি আধুনিক ডিভিডি কপিয়ার স্থাপন করে ডিজিটাইজেশনে নতুন সংযোজন ঘটানো হয়েছে। এই ডিভিডি কপিয়ারে মাত্র ৫ মিনিটে সাতটি ডিভিডি কপি করা যায়। এ ডিজিটাল যন্ত্রে ১০০ কপি ডিভিডি প্রস্তুত করতে মাত্র ৩ ঘণ্টা সময় ব্যয় হয় এবং অফিসের বাইরে কোথাও যাওয়ার প্রয়োজন হচ্ছে না। ফলে চাহিদা প্রেরণকারীকে ২০-২৫ টাকায় তাৎক্ষণিকভাবে ডিভিডি সরবরাহ করা যাচ্ছে। পূর্বে প্রতি কপি ডিভিডি ১০০/- (একশত) টাকা হারে ক্রয় করা হতো। প্রতি দিবসে ১০০ কপি ডিভিডির জন্য ১০০×১০০/- =১০,০০০/- (দশ হাজার) টাকা ব্যয় হতো। বর্তমানে ১০০ কপি ডিভিডির জন্য ব্যয় হবে ২,০০০-২,৫০০/- টাকা। ফলে ১০০ টি ডিভিডির জন্য ব্যয় সাশ্রয় হবে ৭,৫০০-৮,০০০ টাকা। এতে অর্থ, সময় ও উন্নত সেবা নিশ্চিত করা সম্ভব হচ্ছে।</p>	সময়, ব্যয় ও যাতায়াত খরচ হ্রাস পাবে এবং সেবার মান বৃদ্ধি পাবে।

সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রমের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।


২৬.১২.২০২১

স. ম. গোলাম কিবরিয়া
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
ফোন: ৮৩৩১০৩৪।

সচিব
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।